# ইরানের সঙ্গে কোনো আলোচনায় বসছে না যুক্তরাষ্ট্র: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের কোনো আলোচনা চলছে না এবং নতুন করে কোনো বৈঠকের সময়ও নির্ধারিত হয়নি বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মঙ্গলবার (১৮ আগস্ট) ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে এ কথা জানান তিনি। পরে আল-জাজিরার প্রতিবেদনে বিষয়টি তুলে ধরা হয়।

ট্রাম্প বলেন, ইরানের ওপর মার্কিন নৌ অবরোধ কার্যকর রয়েছে এবং তা পূর্ণ সক্ষমতার সঙ্গে পরিচালিত হচ্ছে। একই সঙ্গে হরমুজ প্রণালি চালু রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

মার্কিন প্রেসিডেন্ট আরও জানান, জলপথে থাকা মাইনগুলো নিষ্ক্রিয় করা হয়েছে। তবে ইরানের সঙ্গে আলোচনার জন্য বর্তমানে কোনো বৈঠক নির্ধারিত নেই।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির পক্ষ থেকে যুক্তরাষ্ট্র আলোচনায় আগ্রহী বলে মন্তব্য আসার পর ট্রাম্পের এই বক্তব্য সামনে এলো।

LENS ASIA